



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.১৮০০.০১৭.২৭.০০২.২০২০- ৪২৩

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ।
১৭ মে ২০২১ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলাধীন সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: মঈন উদ্দিন, টি, আর-২৮৩/১৯ (জি আর-২৪৭/১৯) (দামুড়হুদা থানায় দায়েরকৃত মামলা নং-৪৩, তারিখ: ৩০/০৫/২০১৯) এ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, চুয়াডাঙ্গা কর্তৃক দোষী সাব্যস্ত হয়ে ০২ বছর সশ্রম কারাদন্ড ও ১০,০০,০০০/ (দশ লক্ষ) টাকা অর্থদন্ডে দন্ডিত হয়েছেন এবং জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলাধীন সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: মঈন উদ্দিন, টি, আর-২৮৩/১৯ (জি আর-২৪৭/১৯) (দামুড়হুদা থানায় দায়েরকৃত মামলা নং-৪৩, তারিখ: ৩০/০৫/২০১৯) এ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, চুয়াডাঙ্গা কর্তৃক দোষী সাব্যস্ত হয়ে ০২ বছর সশ্রম কারাদন্ড ও ১০,০০,০০০/ (দশ লক্ষ) টাকা অর্থদন্ডে দন্ডিত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলাধীন সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: মঈন উদ্দিন কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

Abdur ১৭/৫/২০২১

(মো: আবুজাফর রিপন)

উপসচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.১৮০০.০১৭.২৭.০০২.২০২০- ৪২৩

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ।
১৭ মে ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: মঈন উদ্দিন, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), সীমান্ত ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রী একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Abdur ১৭/৫/২০২১

(মো: আবুজাফর রিপন)

উপসচিব